# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## অতিরিক্ত জেলা জজ-এর কার্যালয়, কুড়িগ্রাম

# নিয়োগ বিজ্ঞপ্তি

কুড়িগ্রাম জেলা জজ আদালতের নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত শর্ত সাপেক্ষে উল্লেখিত পদের বিপরীতে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশি নাগরিকদের নিকট হতে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | নিম্নমান সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং সমমান | ১৫ (পনেরো)টি | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ১. যে কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>২. সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে কম্পিউটার কোর্সের সনদ প্রাপ্ত।<br>৩. কম্পিউটারে ইংরেজীতে প্রতি মিনিটে ৩০ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দ টাইপিং গতি অবশ্যই থাকতে হবে। |
| ২. | জারীকারক | ০৯ (নয়)টি | ৮৫০০-২০৫৭০/- (গ্রেড-১৯) | যে কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং কম্পিউটারের টাইপ সংক্রান্ত বেসিক জ্ঞান থাকতে হবে। |
| ৩. | অফিস সহায়ক | ১৪ (চৌদ্দ)টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | যে কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

### শর্তাবলী

০১। প্রার্থীকে জেলা ও দায়রা জজ, কুড়িগ্রাম বরাবর জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরম (www.forms.gov.bd হতে ডাউনলোড করা যাবে) যথাযথভাবে স্বহস্তে পূরণপূর্বক আগামী ১৯/১০/২০২৩ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও অতিরিক্ত জেলা জজ, কুড়িগ্রাম ঠিকানায় ডাকযোগে অথবা সরাসরি উক্ত অফিসে রক্ষিত বাক্সে পৌছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৩। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে তথা অদ্য ২৩/০৯/২০২৩ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর হতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য হবে না।

০৪. আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :

ক. শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

খ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

গ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঘ. স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

ঙ. জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

চ. প্রার্থীর নাম-ঠিকানাসহ ১৫ (পনেরো) টাকার ডাকটিকিট সম্বলিত ৯.৫ ইঞ্চি × ৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম।

০৫। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৬। ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৭। পরীক্ষার ফি বাবদ নিম্নমান সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/সমমান পদের বিপরীতে ২০০/- (দুই শত) টাকা এবং অন্যান্য প্রত্যেক পদের বিপরীতে ১০০/- (এক শত) টাকা "চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, জেলা জজ আদালত, কুড়িগ্রাম, হিসাব নং-৫২০৮৪০২০০১৯১১, সোনালী ব্যাংক লিঃ, কুড়িগ্রাম শাখা, কুড়িগ্রাম" বরাবর পেমেন্ট অর্ডার/ডিডি/সরাসরি ভাউচারের মাধ্যমে জমা করতে হবে। টাকা জামার মূল রশিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৮। উপযুক্ত প্রার্থীদের লিখিত ও অন্যান্য পরীক্ষার তারিখ, সময় ও স্থান 'জেলা জজ আদালত, কুড়িগ্রাম'-এর নোটিশ বোর্ড এবং kurigram.judiciary.gov.bd ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

০৯। সাক্ষাৎকারের সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

১০। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। খামের উপর অবশ্যই নিজ জেলা ও পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

১২। বিজ্ঞাপিত পদের সংখ্যা প্রয়োজনে কম/বেশী করার এবং এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। ইতোপূর্বে গত ১৫/০৯/২০২০ খ্রিস্টাব্দ তারিখের প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে নিম্নমান সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (হিসাবরক্ষক, নাজির, ক্যাশিয়ার, অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর), জারীকারক ও অফিস সহায়ক পদসমূহে যারা আবেদন করেছেন তাদের অত্র বিজ্ঞপ্তির আলোকে পুনরায় আবেদন করার আবশ্যকতা নেই।

১৪। প্রচলিত নিয়োগ বিধি/সরকারের অপরাপর বিধি/আদেশ/আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৫। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(স্বাক্ষর-অস্পষ্ট)
অতিরিক্ত জেলা জজ
এবং
চেয়ারম্যান
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
জেলা জজ আদালত, কুড়িগ্রাম।

পিএফ-৫২০-১০৫০/২৩ (৮''×৩)